রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www. cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১৯৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

(ক) **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী | চেয়ারপারসন |
| (২) | মন্ত্রী/প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ভাইস চেয়ারপারসন |
| (৩) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | প্রতিমন্ত্রী, পানিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| (১১) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (১২) | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| (১৩) | সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| (১৪) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (১৫) | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (১৬) | ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| (১৭) | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | সদস্য |
| (১৮) | ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য |
| (১৯) | চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন করপোরেশন | সদস্য |
| (২০) | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর | সদস্য |
| (২১) | মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| (২২) | অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| (২৩) | চেয়ারম্যান, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) | সদস্য |
| (২৪) | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) | সদস্য |
| (২৫) | সভাপতি, বাংলাদেশ শ্রিম্প এন্ড ফিশ ফাউন্ডেশন | সদস্য |
| (২৬) | সভাপতি, বাংলাদেশ হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতি | সদস্য |
| (২৭) | সভাপতি, বাংলাদেশ মেরিন ফিশারিজ এ্যাসোসিয়েশন | সদস্য |
| (২৮) | সভাপতি, জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ | সদস্য |
| (২৯) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

**(খ) কমিটির কার্যপরিধি:**

(১) মৎস্য ও চিংড়ি সম্পদ উন্নয়ন বিষয়ক সার্বিক নীতি নির্ধারণ;

(২) পরিবেশসম্মত ও লাগসই প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অধিক পরিমাণে নিরাপদ মাছ চাষের লক্ষ্যে ভূমি ও পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য দিক-নির্দেশনা প্রদান;

(৩) উপকূলীয় অঞ্চলে পানি উন্নয়ন বোর্ডের বন্যা নিয়ন্ত্রণ বাঁধের অন্তর্ভুক্ত এলাকায় পরিবেশসম্মত উপায়ে চিংড়ি ও মৎস্য চাষের উন্নয়ন ও প্রসারে দিক-নির্দেশনা প্রদান;



(৪) মৎস্য ও চিংড়ি সম্পদ উন্নয়ন ও প্রসারে সহায়ক অবকাঠামোগত উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(৫) মৎস্য ও চিংড়ি সম্পদ উপযোগী জলমহাল/জলাশয়সমূহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর ও ব্যবস্থাপনার দায়িত্ব অর্পণ বিষয়ক দিক-নির্দেশনা প্রদান;

(৬) মৎস্য ও চিংড়ি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের সঙ্গে অন্যান্য প্রাসঙ্গিক জাতীয়/আন্তর্জাতিক বিষয়াবলি বিবেচনা; এবং

(৭) সুনীল অর্থনীতি (Blue economy) উন্নয়নের জন্য গবেষণা, সম্পদ আহরণ এবং কারিগরি দক্ষতা অর্জনসহ অন্যান্য বিষয়ে নীতি নির্ধারণ।

(গ) কমিটি তাদের কার্যপরিধিভুক্ত কোনো বিষয়ে অন্য কোনো মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংশ্লিষ্ট থাকলে সে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/সচিব/সংস্থাপ্রধানকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

(ঘ) কমিটির নিকট কোনো বিষয়ে বিশেষজ্ঞ মতামতের প্রয়োজন অনুভূত হলে কমিটি, সরকারি/বেসরকারি পর্যায়ে বিশেষজ্ঞগণকে সভায় অংশগ্রহণের আমন্ত্রণ জানাতে পারবে।

(ঙ) জাতীয় কমিটি বৎসরে কমপক্ষে একবার বৈঠকে মিলিত হবে।

(চ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫৭১৬০০
e-mail: js_economic@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd